

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়  
সোনারগাঁ, নারায়ণগঞ্জ

উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির মার্চ/২০২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ আব্দুল্লাহ আল মাহফুজ  
উপজেলা নির্বাহী অফিসার  
সোনারগাঁ, নারায়ণগঞ্জ  
তারিখঃ ১১ মার্চ, ২০২৪; সময়ঃ সকাল- ১১ টা

সভার উপস্থিতি- পরিশিষ্ট “ক” তে সংযুক্ত

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি উপস্থিত সম্মানিত সদস্যগণের নিকট হতে মুক্ত আলোচনার আহবান জানান। সে প্রেক্ষিতে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির ফেব্রুয়ারি, ২০২৪ মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সকলে মত প্রকাশ করেন।	উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির ফেব্রুয়ারি, ২০২৪ মাসের সভার কার্যবিবরণী দৃঢ়করণ করতে হবে।	সকল সদস্য

সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতিঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
২.০১ সভায় উপজেলা মহিলা বিষয়ক অফিসার, সোনারগাঁ জনাব নাসরিন সুলতানা জানান যে, সোনারগাঁ উপজেলায় বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কার্যক্রম অব্যাহত রয়েছে। বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতনের কোন তথ্য পাওয়া গেলে সাথে সাথে বন্ধ করে দেয়া হয়। এছাড়া উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলার আইন শৃঙ্খলা কমিটির সভাপতি বলেন যে, বাল্য বিবাহ, ইভটিজিং ও কিশোর গ্যাং প্রতিরোধে প্রতিটি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে ১টি করে কমিটি গঠন করা হবে এবং উক্ত কমিটি প্রতি মাসে বাল্য বিবাহ, ইভটিজিং ও কিশোর গ্যাং প্রতিরোধে সভা আহ্বান করে সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করবে।	বাল্য বিবাহ, ইভটিজিং ও কিশোর গ্যাং প্রতিরোধে প্রতিটি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে ১টি করে কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। উক্ত কমিটি বাল্য বিবাহ, ইভটিজিং ও কিশোর গ্যাং প্রতিরোধে সভা আহ্বান করে সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সোনারগাঁ ২। উপজেলা মহিলা বিষয়ক অফিসার ৩। চেয়ারম্যান সকল ইউপি
২.০২ জনাব আরিফ মাসুদ বাবু চেয়ারম্যান, মোগরাপাড়া ইউনিয়ন পরিষদ বলেন যে, মোগরাপাড়া চৌরাস্তার বিভিন্ন মার্কেটে সোনারগাঁ উপজেলার পাশাপাশি মেঘনা, গজারিয়া ও আড়াইহাজার উপজেলার লোকজন এসে ঈদের কেনাকাটা করে থাকে। সবাই যেন নিরাপদে কেনাকাটা করতে পারে সে বিষয়ে পুলিশি টহল বৃদ্ধি করার জন্য তিনি অনুরোধ জানান।	মোগরাপাড়া চৌরাস্তার বিভিন্ন মার্কেটে নিরাপত্তা বৃদ্ধিতে পুলিশি টহল বৃদ্ধি করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ ২। সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁ ৩। অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা
২.০৩ সভায় চেয়ারম্যান, বৈদ্যেরবাজার ইউনিয়ন পরিষদ, সোনারগাঁ জানান যে, গত মাসের উপজেলা আইন শৃঙ্খলা কমিটির সভায় যে সকল সমস্যাগুলো নিয়ে আলোচনা করা হয়েছে সেই বিষয়ে সাথে সাথে পদক্ষেপ নিয়ে সমাধান করায় উপজেলা প্রশাসনকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরও বলেন যে, আমান সিমেন্ট কোম্পানীর শব্দ দূষণ ও ভূমি কম্পনে এলাকাবাসী রাতে ঘুমাতে পারে না। এই সমস্যা থেকে পরিত্রাণের জন্য এলাকাবাসী একটি অভিযোগ দিয়েছে মানববন্ধন করেছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এছাড়া উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা আইন শৃঙ্খলা কমিটির সভাপতি বলেন যে, আমান সিমেন্ট কোম্পানীর শব্দ দূষণ ও ভূমি কম্পনের বিষয়ে মাননীয় জেলা প্রশাসক মহোদয়কে রিপোর্ট দেয়া হয়েছে খুব দ্রুত আমান সিমেন্ট কোম্পানীর বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।	আমান সিমেন্ট কোম্পানীর শব্দ দূষণ ও ভূমি কম্পনের বিষয়ে খুব দ্রুত প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ ২। সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁ ৩। অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা ৪। চেয়ারম্যান বৈদ্যেরবাজার ইউপি
২.০৪ চেয়ারম্যান, বারদী ইউনিয়ন পরিষদ জনাব মোঃ মাহবুব রহমান বাবুল বলেন যে, পবিত্র রমজান মাসে লোডশেডিং বেশী হয়ে থাকে। পবিত্র রমজান মাসে তারাবির নামাজ, ইফতার ও সেহরির সময় যেন লোডশেডিং না হয় সে বিষয়ে ডিজিএম, পল্লী বিদ্যুৎ কে অনুরোধ জানান।	পবিত্র রমজান মাসে তারাবির নামাজ, ইফতার ও সেহরির সময় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ডিজিএম, পল্লী বিদ্যুৎ, সোনারগাঁ

